

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ)  
প্রশিক্ষণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প।  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

স্মারক নং- ৩২.০১.০০০০.০০০.০১৪.২০.০০০১.২৫-০৩

তারিখ: ২৫/০২/২০২৬ খ্রি.

বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ” শীর্ষক সমাপ্ত প্রকল্পের আওতায় উপজেলাওয়ারী প্রশিক্ষণ পরিচালনার জন্য ভেন্যু/প্রশিক্ষণ সেন্টার ভাড়া নেওয়া প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ” (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পটি ০১ জুলাই ২০২৫ হতে ৩০ জুন ২০২৮ পর্যন্ত মেয়াদে বাস্তবায়িত হবে। উক্ত প্রকল্পের আওতায় দুস্থ, অসহায়, বিধবা ও সুবিধাবঞ্চিত নারীদের প্রশিক্ষিত করা হবে। সে লক্ষ্যে প্রকল্প মেয়াদে নিম্ন লিখিত শর্তে একটি ভেন্যু/প্রশিক্ষণ সেন্টার আগামী ০৭ (সাত) দিনের মধ্যে ভাড়া করণপূর্বক নিম্নস্বাক্ষরকারীকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

**শর্তাবলী:**

- ১। নারী প্রশিক্ষণার্থীদের নিরাপত্তার বিষয়টি বিবেচনা করে ভেন্যু/প্রশিক্ষণ কেন্দ্রটি উপজেলা পরিষদের কাছাকাছি হতে হবে।
  - ২। পর্যাপ্ত আলো বাতাস সম্পন্ন হতে হবে।
  - ৩। গণপূর্ত মন্ত্রণালয়ের রেন্ট শিডিউলের আলোকে, সদ্য সমাপ্ত প্রকল্পের অভিজ্ঞতার আলোকে ও বাস্তবতার নিরিখে ভাড়া নির্ধারণপূর্বক প্রকল্প পরিচালকের দপ্তরে যথাপোযুক্ত কাগজপত্র দাখিল করতে হবে।
- অতএব, উপরোল্লিখিত শর্তানুযায়ী প্রকল্প মেয়াদে ২ টি ট্রেডের প্রতি ট্রেডে ২০ জন করে (২০×২)= ৪০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ উপযোগী একটি ভেন্যু ভাড়া নেওয়ার জন্য অনুরোধ করা হলো।

  
২৫/০২/২৬

মাহবুবা আক্তার

প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)

উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ)

প্রশিক্ষণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)

উপজেলা:----- জেলা:-----

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

- ০১। উপজেলা নির্বাহী অফিসার,-----।
- ০২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর,-----।
- ০৩। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা(ওয়েবসাইট), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। পরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। অফিস কপি।